ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৭৭২
আগরতলা, ২৭ জুলাই, ২০২৬

**সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ : জনগণের**
**প্রতি ধলাই জেলার জেলাশাসকের পরামর্শ**

বন্যা, ঘূর্ণিঝড়, ভারি বর্ষণ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের সম্ভাবনাকে সামনে রেখে ধলাই জেলার জেলাশাসক কিছু পরামর্শমূলক নির্দেশিকা জারি করেছেন। নাগরিকদের জন্য ধলাই জেলা প্রশাসনের পক্ষ থেকে যে নিরাপত্তা সংক্রান্ত নির্দেশিকা জারি করা হয়েছে সেগুলি হচ্ছে-

১) আধার কার্ড/ ভোটার আইডি/ প্যান কার্ড/ বার্থ সার্টিফিকেট/ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট/ জমি ও সম্পত্তির দলিলপত্র/ ব্যাংকের পাস বই ও চেক বই/ বীমা পলিসির কাগজপত্র/ পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি বিভিন্ন গুরুত্বপূর্ণ কাগজপত্রকে জলে ভিজে ক্ষতিগ্রস্ত হওয়া থেকে রক্ষা করতে এগুলিকে ওয়াটারপ্রুফ ফোল্ডার, জিফলক ব্যাগ বা প্লাস্টিকের কন্টেনারে সংরক্ষিত রাখা।

২) গুরুত্বপূর্ণ কাজগপত্র হাতের কাছেই রাখা যাতে প্রয়োজনে উদ্ধারকার্যের সময় এগুলি সহজেই বহন করে নিয়ে যাওয়া যায়।

৩) গুরুত্বপূর্ণ কাগজপত্র স্ক্যান করে তার প্রতিলিপি ক্লাউড স্টোরেজ বা ইমেইল কিংবা পাসওয়ার্ড সুরক্ষিত মোবাইল ফোনে রাখুন।

৪) জরুরি ওষুধপত্র, মোবাইল চার্জার, টর্চলাইট, ব্যাটারি ও অন্যান্য আপতকালীন সরঞ্জাম ওয়াটারপ্রুফ ইমারজেন্সি কিট-এ সংরক্ষিত রাখুন।

৫) অলংকার ও জরুরি ইলেকট্রনিক ডিভাইস ওয়ারপ্রুফ কন্টেনার কিংবা উঁচু জায়গায় রাখুন।

৬) আপতকালীন পরিস্থিতিতে সহায়তার জন্য ডিস্টিক্ট ইমারজেন্সি অপারেশন সেন্টারের (DEOC) ল্যান্ডলাইন ০৩৮২৬২৬৭-২৬১ (টোল ফ্রি) এবং মোবাইল নম্বর- ৬৯০৯৩৫৮৮২৫ এবং পুলিশ ও ফায়ার সার্ভিস ও স্থানীয় প্রশাসনের ফোন নম্বর হাতের কাছে রাখুন।

৭) আবহাওয়ার পূর্বাভাস ও আবহাওয়া দপ্তর এবং জেলা প্রশাসনের নির্দেশিকা সম্পর্কে অবহিত থাকুন।

৮) প্রশাসন যদি বাসস্থান ছেড়ে কোন নিরাপদ স্থানে কিংবা ত্রাণ শিবিরে আশ্রয় নিতে বলে তাহলে দেরি না করে তাই করুন এবং কর্তৃপক্ষ যতক্ষণ না নিরাপদ বলে ঘোষণা করছে ততক্ষণ বাড়িতে ফিরে যাবেন না।

৯) আপদকালীন পরিস্থিতিতে যদি বাড়ি ছেড়ে নিরাপদ স্থানে চলে যেতে হয় তাহলে বয়স্ক ব্যক্তি, শিশু, দিব্যাঙ্গজন ও গর্ভবতী মহিলাদের আগে স্থানান্তরিত হতে সাহায্য করুন এবং তাদের প্রয়োজনীয় ওষুধপত্র যাতে সাথে নিয়ে যায় তা নিশ্চিত করুন।

১০) বন্যায় প্লাবিত হওয়া সড়ক, ব্রীজ ও জল জমে থাকা এলাকা দিয়ে যাওয়ার চেষ্টা করবেন না এবং কোন সংবাদের সত্যতা যাচাই না করে তা প্রচার করবেন না এবং বিশ্বাস করবেন না।

******